



বাউবি/পরীক্ষা/এসএসসি/১১৯/২০০০/৮১০০

তারিখ : ২৬/০৭/২০২০

আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয় : এসএসসি পরীক্ষা-২০২০ এর ফলাফল সংক্রান্ত অভিযোগ প্রেরণ প্রসঙ্গে।

জনাব

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এসএসসি পরীক্ষা-২০২০ এর ১ম ও ২য় বর্ষের বিষয়ভিত্তিক ফলাফলসহ চূড়ান্ত ফলাফল প্রকাশিত হয়েছে। কোর্স সংক্রান্ত জটিলতা, আই ডি নম্বরের অস্পষ্টতা বা অন্য কোন কারণে পরীক্ষা দেয়া সত্ত্বেও কোন শিক্ষার্থীর ফলাফল প্রকাশ না হয়ে থাকলে তাকে অনলাইনে ফলাফল সংক্রান্ত বিষয়ে অভিযোগ করতে হবে। এস.এস.সি পরীক্ষা-২০২০ এর ফলাফলের সমস্যা সংক্রান্ত আবেদন ফরম exam.bou.edu.bd এই ওয়েব ঠিকানায় পাওয়া যাবে। উক্ত ফরম যথাযথভাবে পূরণ করে আগামী ৩১/০৮/২০২০ খ্রি: তারিখের মধ্যে উল্লিখিত ওয়েব ঠিকানায় প্রেরণ করতে হবে এবং উক্ত অভিযোগের একটি প্রিন্ট কপি সংরক্ষণ করতে হবে। পরবর্তীতে অভিযোগ আই.ডি. ও স্টুডেন্ট আই.ডি. দিয়ে উক্ত ওয়েব সাইটে অভিযোগের উত্তর পাওয়া যাবে।।

২। এস.এস.সি পরীক্ষা-২০২০ এর ফলাফলের ফি সংক্রান্ত অভিযোগের একটি প্রিন্ট কপি এবং ব্যাংকে টাকা জমাদানের রশিদ সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রে/উপ-আঞ্চলিক কেন্দ্রে জমা দিতে হবে। On Line-এ ছাড়া অভিযোগ সংক্রান্ত কোন আবেদনপত্র সরাসরি গ্রহণ করা হবে না। বর্ণিত বিষয়গুলো সংশ্লিষ্ট সকলকে অবহিত করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

২৫/৭/২০২০

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

অনুলিপি : অবগতি ও কার্যার্থে।

- ১। ডীন, ওপেন স্কুল, বাউবি।
- ২। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
- ৩। সিস্টেম ম্যানেজার (পরিচালক), কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবির ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো)।
- ৪। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। উপ-পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সংরক্ষণ নথি।